

সম্পাদকীয়:

মহামারি আকারে ছড়িয়ে পড়া করোনাভাইরাসের প্রভাব কোনো কোনো অঞ্চলে কিছুটা কমলেও অন্য অঞ্চলে তার ব্যাপকতা বাড়ছে। বাংলাদেশেও ক্রমেই বেড়ে চলেছে আক্রান্ত ও মৃত্যু সংখ্যা। ফলে মানুষের বিচরণ যেমন সীমিত হচ্ছে এবং তেমনি দৈনিক আয়ের উপর নির্ভরশীল কর্মহীন মানুষগুলোর দুর্ভোগও চরম আকার ধারণ করছে। সরকারি উদ্যোগের পাশাপাশি সমাজের কিছু মানুষ বিপন্ন মানুষগুলোর পাশে দাঁড়ানোর চেষ্টা করছেন; যার মধ্যে আছেন সুজন-এর বন্ধুরাও। অসহায় মানুষের কল্যাণপ্রচেষ্টায় নিবেদিতদের কথা নিয়েই আমাদের এই ই-নিউজ লেটার।

সুজন-বগুড়া জেলা কমিটির উদ্যোগে খাদ্যসামগ্রী বিতরণ



করোনাভাইরাসের কারণে ঘোষিত লকডাউনের প্রভাবে কর্মহীন হয়ে যাওয়া দৈনিক আয়ের উপর নির্ভরশীল পরিবারগুলোর মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করেছে সুজন-বগুড়া জেলা কমিটি। গত ৫ মে ২০২০, মঙ্গলবার, সুজন-বগুড়া জেলা কমিটির সাধারণ সম্পাদক জনাব হুমায়ূন ইসলাম তুহিনের নেতৃত্বে ১০০টি পরিবারের মধ্যে এই খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। খাদ্যসামগ্রীর মধ্যে ছিল ৩ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি আটা ও আধা লিটার সয়াবিন তেল। সাথে ছিল একটি সাবান। বিতরণকালে উপস্থিত ছিলেন বগুড়া জেলা সুজন-এর উপদেষ্টা জনাব আমিনুল ফরিদ, বিশিষ্ট সাংবাদিক মমিনুর রশিদ সাইন, সংগঠনের সাংগঠনিক সম্পাদক জনাব আব্দুল লতিফ, সদস্য শাকিল আহম্মেদ চৌধুরী রনি, গাবতলী উপজেলা কমিটির সাধারণ সম্পাদক মুহাম্মাদ আবু মুসা, কোষাধ্যক্ষ ফজলুল হক বাবলু, সমাজসেবক মাহমুদা রহমান, নাছরিন পান্না, মানিক প্রমুখ। উল্লেখ্য, মালয়েশিয়া প্রবাসী 'সুজন সমর্থক গোষ্ঠী'সহ সুজন নেতৃবৃন্দের আর্থিক সহায়তায় এই কার্যক্রম পরিচালিত হচ্ছে, যা চলমান থাকবে। খাদ্যসামগ্রী বিতরণকালে সুজন নেতৃবৃন্দ সমাজের বিত্তবানদের বিপন্ন মানুষের সহায়তায় এগিয়ে আসার আহ্বান জানান।

বেতনের টাকা দরিদ্রদের উপহার দিলেন হলধর দাস

সুজন-নরসিংদী জেলা কমিটির সাধারণ সম্পাদক ও আজীবন সদস্য বিশিষ্ট সাংবাদিক হলধর দাস তাঁর শিক্ষকতা পেশা থেকে এক মাসের বেতন



হিসেবে সরকার প্রদত্ত বেতনের পুরো টাকাই হতদরিদ্রদের উপহার দিয়েছেন। মোট ৫০টি পরিবারের জন্য উপহারের পরিমাণ ছিল ৫০০ টাকা করে। উপহার বিতরণ অনুষ্ঠানে নরসিংদী জেলা প্রশাসকের প্রতিনিধি হিসেবে নরসিংদী সদরের সহকারি কমিশনার (ভূমি) মোঃ শাহ আলম মিয়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটিতে বিশেষ অতিথি ছিলেন দৈনিক খোঁজ খবর পত্রিকার সম্পাদক ও নরসিংদী প্রেসক্লাবের সাহিত্য সম্পাদক জনাব মনজিল-এ-মিল্লাত এবং সুজন-নরসিংদী উপজেলা কমিটির সভাপতি ও আজীবন সদস্য জনাব শফিকুল ইসলাম প্রধান।

হাবিবুর রহমানের বিভিন্নমুখী কর্মতৎপরতা

বাংলাদেশে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পর বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করছেন সুজন-ঢাকা জেলা কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক ও



সামাজিক সংগঠন সুবন্ধন-এর প্রতিষ্ঠাতা সভাপতি জনাব হাবিবুর রহমান। ১৫ মার্চ ২০২০ থেকে তিনি লালবাগ এলাকায় জনসচেতনতামূলক ৫০০০ লিফলেট বিতরণ করেন এবং মানুষকে ঘরে থাকার আহ্বান জানান। সরকার কর্তৃক সাধারণ ছুটি ঘোষণা করা হলে ৫০০০ মাস্ক ও সাবান বিতরণ করেন। এ ছাড়াও লালবাগ এলাকার ৩টি মোড়ে পথচারীদের হাত ধোয়ার জন্য বেসিন স্থাপন এবং সেখানে পানি সরবরাহ ও সাবানের ব্যবস্থা করেছেন।

লকডাউন শুরু হলে গত ২ এপ্রিল থেকে তিনি এলাকার দরিদ্র মানুষদের মধ্যে খাদ্যসামগ্রী ও নগদ অর্থ বিতরণ শুরু করেন। এ পর্যন্ত তিনি ১০০০ পরিবারে পরিবার প্রতি ৪ কেজি চাল, ১ কেজি আটা, ১ কেজি ডাল, ১ কেজি পেঁয়াজ ও আধা লিটার সয়াবিন তেল বিতরণ করেন। একইসাথে ২০০ পরিবারে নগদ ১০০০ টাকা করে প্রদান করেন। সুবন্ধনের সাধারণ সম্পাদক জনাব মকবুল হোসেন ও সহ-সভাপতি মাসুদ রানাসহ স্থানীয় সুজন নেতৃবৃন্দ, সুবন্ধনের সদস্যবৃন্দ, ঢাকা কলেজ এইচএসসি সোসাইটি এবং স্থানীয় তরুণরা এই কর্মযজ্ঞে জনাব হাবিবকে সহযোগিতা করেন। তিনি সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং কার্যক্রম চলমান রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

সুনামগঞ্জের দক্ষিণ খুরমায় ইফতার সামগ্রী বিতরণ

সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন দক্ষিণ খুরমা ইউনিয়ন সুজন-এর উদ্যোগে পবিত্র রমজানকে সামনে রেখে দরিদ্র পরিবারগুলোর মধ্যে



ইফতার সামগ্রী বিতরণ করা হয়। ইফতার সামগ্রীর মধ্যে ছিল ছোলা, ডাল, পেঁয়াজ ও সয়াবিন তেল। গত ২৪ এপ্রিল ২০২০, সুজন- দক্ষিণ খুরমা ইউনিয়ন কমিটির সভাপতি জনাব এলাছ মিয়া তালুকদার, সহ-সভাপতি জনাব জমির উদ্দিন, সম্পাদক জনাব ফজলুর রহমান, সদস্য জনাব রুমোনা আক্তার রুনা ও ইউনিয়ন সমন্বয়কারী হারাণ চন্দ্র ধর ইউনিয়নের ৭০ টি দরিদ্র পরিবারের মধ্যে এই ইফতার সামগ্রী বিতরণ করেন।